

‘ছেলে হোক, মেয়ে হোক,
দু’টি সন্তানই যথেষ্ট’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd



নং- পপঅ/প্রশা-১/নিয়োগ-২৬৫/২০১৫/ ০১৭২

তারিখ: ২০ আষাঢ় ১৪২৭
২৪ জুন ২০২০

জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি

ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত অনুমোদিত নিয়োগপত্র/প্রশিক্ষণার্থী মনোনয়নপত্র/বদলি/পদোন্নতি/পিআরএল/জিপিএফ চূড়ান্ত উত্তোলন/শৃঙ্খলা সংক্রান্ত বা অন্যান্য সরকারি আদেশ অধিদপ্তরের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে কিছু কুচক্রীমহল/জালিয়াত চক্র সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের স্বাক্ষর স্ক্যানিং-এর মাধ্যমে ভুয়া আদেশ সৃজন করে পরিবার পরিকল্পনা অধিদপ্তরারধীন সংশ্লিষ্ট কার্যালয় হতে সম্পূর্ণ বেআইনীভাবে সুবিধা গ্রহণের চেষ্টায় লিপ্ত রয়েছে। এরূপ কার্যক্রম আইনত দণ্ডনীয়।

ইতোমধ্যে ভুয়া নিয়োগপত্রসহ একজন ব্যক্তি সদর দপ্তরে ১১.০৬.২০২০ তারিখে অফিস সহকারী পদে যোগদান করতে আসলে তাঁর বিরুদ্ধে মামলা রুজু করে পুলিশের কাছে সোপর্দ করা হয়। ইতঃপূর্বে উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী (প্রাক্তন টিএফপিএ) পদে একটি ভুয়া নিয়োগপত্র জারির বিষয় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রশাসন ইউনিটের গোচরীভূত হওয়ায় বর্তমানে তদন্তাধীন আছে।

এ জাতীয় ভুয়া আদেশ সৃজন রোধকল্পে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল পর্যায়ে অনুসরণীয় নির্দেশনাসমূহ নিম্নরূপ:

(১) নিয়োগ/প্রশিক্ষণার্থী মনোনয়ন/বদলি/পদোন্নতি/পিআরএল/জিপিএফ চূড়ান্ত উত্তোলন/শৃঙ্খলা সংক্রান্ত বা অন্য কোনরূপ সরকারি আদেশ বাস্তবায়নকালে বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত আদেশ জারির বিষয়টি আবশ্যিকভাবে নিশ্চিত হতে হবে। ওয়েবসাইটে প্রকাশিত না হলে অথবা যে কোন অস্পষ্টতা দেখা দিলে আদেশ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েব সাইট এর “এডমিন”-কে অনুমোদিত আদেশ যথাযথ বিধিবিধান অনুসরণ করে ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

(২) প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আদেশ বাস্তবায়নের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়ের ওয়েবসাইট এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পৃষ্ঠাংকন পরীক্ষা করতে হবে।


(৩) বিভাগ, জেলা ও উপজেলা সমূহের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক এ সতর্কীকরণ বিজ্ঞপ্তি পৃষ্ঠাংকন করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। প্রয়োজনে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সঙ্গে সম্পৃক্ত অন্যান্য সংস্থাসমূহকে অনুলিপি দিয়ে বিষয়টি অবহিত করতে হবে।

(৪) ভুয়া আদেশ সৃজনকারী, বহনকারী বা সহায়তাকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং প্রয়োজনে তাৎক্ষণিকভাবে আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে সোপর্দ করতে হবে।

(৫) উল্লিখিত নির্দেশনাসমূহ অনুসরণে যেকোনরূপ ব্যত্যয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।


তারিখ: ২৪/৬/২০২০

(মোঃ হেমায়েৎ হুসেন)
অতিরিক্ত সচিব ও
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০১২৩৪২

ইমেইল: diradmin@dgfp.gov.bd

বিতরণ (অবগতি ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), -----, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

২। পরিচালক (সকল), পরিবার পরিকল্পনা, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, ----- বিভাগ।

৩। পরিচালক/তত্ত্বাবধায়ক, এমএফএসটিসি, মোহাম্মদপুর/এমসিএইচটিআই, আজিমপুর/লালকুঠি, মিরপুর, ঢাকা।

৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

৫। অধ্যক্ষ, পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।